দৈনিক
জনকণ্ঠ

তারিখ ·28· APR 2016 ··· ···
পৃষ্ঠা ···20··· কলাম···2·······

# শিক্ষক হত্যার বিচার দাবিতে রাবি উত্তাল 'মুকুল মঞ্চ' গঠন

স্টাফ রিপোর্টার, রাজশাহী/রাবি সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজী বিভাগের অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যার প্রতিবাদে বুধবার পঞ্চম দিনের মতো রাবিতে আন্দোলন অব্যাহত রেখেছেন শিক্ষার্থীরা। বিভিন্ন সংগঠন ও বিভাগের ব্যানারে সকাল থেকেই মিছিল-সমাবেশে উত্তাল হয়ে ওঠে ক্যাম্পাস। বেলা পৌনে ১১টা থেকে প্রায় অধাঘণ্টা ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করেন বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। এদিকে প্রিয় শিক্ষকের হত্যাকারীদের বিচার দাবিতে বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ কলাভবনের সামনে 'মুকুল মঞ্চ' গঠন করেছেন ইংরেজী বিভাগের শিক্ষার্থীরা। এ হত্যা মিশনে তিনজন অংশ নিয়েছিল বলে নিশ্চিত হয়েছে রাজশাহী মহানগর পুলিশ। বুধবার সকাল সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের টুকিটাকি চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করেন সাধারণ শিক্ষার্থীরা। বিচারের দাবিতে বিক্ষোভ চলাকালে শিক্ষার্থীদের স্লোগানে পুরো ক্যাম্পাস প্রকম্পিত হতে

## হত্যা মিশনে অংশ নিয়েছিল তিনজন

থাকে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের প্রধন ফটকে গিয়ে ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করে। এ সময় বিভাগের ব্যানারে ওই মিছিলে যোগ দেন ইংরেজী বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরাও। বেলা পৌনে ১১টা

(১৯ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## শিক্ষক হত্যার বিচার

(২০-এর পৃষ্ঠার পর)

থেকে সোয়া ১১টা পর্যন্ত চলা অবরোধে মহাসড়কে দুই কিলোমিটার এলাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়। পরে শিক্ষার্থীরা মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের পাশে অবস্থান নেন। আজ বৃহস্পতিবার বেলা ১১টায় আবারও বিক্ষোভ মিছিল ও অবরোধ কর্মসূচী পালনের ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা।

এছাড়া অধ্যাপক রেজাউল করিম হত্যার প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে রাবি ছাত্রলীগ। ক্যাম্পাসে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং, চারুকলা, বাংলা, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা, কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং ও ফোকলোর বিভাগ।

এদিকে প্রিয় শিক্ষকের হত্যাকারীদের শাস্তির দাবিতে বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ কলাভবনের সামনে 'মুকুল মঞ্চ' গঠন করেছেন ইংরেজী বিভাগের শিক্ষার্থীরা। আজ বৃহস্পতিবার বেলা ১১টা থেকে এই মঞ্চের ব্যানারে কর্মসূচী পালন করা হবে। আয়োজকদের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের

*অরনী, সানিয়া, তৌফিক, শহীদ কাজীসহ দশজন শিল্পী। তখনই জানা হয়েছিল, একেবারে ধ্বংসস্তূপের ওপরে দাঁড়িয়ে ছবি আঁকছেন শিল্পীরা। সঙ্গত কারণেই আলাদা গুরুত্বের হয়ে*

(১৯ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

খবর দেখুন ও পড়ুন
anakantha.com

কয়লা বিদ্যুত
াজনীতির